# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩৯০

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (كتاب الدعوات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সকাল ও সন্ধ্যার দু'আ

## باب مَا جَاءَ فِي الدُّعَاءِ إِذَا أَصْبَحَ وَإِذَا أَمْسَى

আরবী

حَدَّثَنَا سُفْيَانُ بْنُ وَكِيعٍ، حَدَّثَنَا جَرِيرٌ، عَنِ الْحَسَنِ بْنِ عُبَيْدِ اللَّهِ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ سُوَيْدٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَزِيدَ، عَنْ عَبْدِ اللَّهِ، قَالَ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم إِذَا أَمْسَى قَالَ " أَمْسَيْنَا وَأَمْسَى الْمُلْكُ لِلَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ أُرَاهُ قَالَ فِيهَا لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ أَسْأَلُكَ خَيْرَ مَا فِي هَذِهِ اللَّيْلَةِ وَخَيْرَ مَا بَعْدَهَا وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّ هَذِهِ اللَّيْلَةِ وَشَرِّ مَا بَعْدَهَا وَأَعُوذُ بِكَ مِنَ الْكَسَلِ وَسُوءِ الْكِبَرِ وَأَعُوذُ بِكَ مِنْ عَذَابِ النَّارِ وَعَذَابِ الْقَبْرِ " . وَإِذَا أَصْبَحَ قَالَ ذَلِكَ أَيْضًا " أَصْبَحْنَا وَأَصْبَحَ الْمُلْكُ لِلَّهِ وَالْحَمْدُ لِلَّهِ " .

বাংলা

৩৩৯০. সুফইয়ান ইবন ওয়াকী (রহঃ) ...... আবদুল্লাহ্ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সন্ধ্যায় এই দু'আ পাঠ করতেনঃ

أَمْسَيْنَا وَأَمْسَى الْمُلْكُ لِلَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ أُرَاهُ قَالَ فِيهَا لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ أَسْأَلُكَ خَيْرَ مَا فِي هَذِهِ اللَّيْلَةِ وَخَيْرَ مَا بَعْدَهَا وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّ هَذِهِ اللَّيْلَةِ وَشَرِّ مَا بَعْدَهَا وَأَعُوذُ بِكَ مِنَ الْكَسَلِ وَسُوءِ الْكِبَرِ وَأَعُوذُ بِكَ مِنْ عَذَابِ النَّارِ وَعَذَابِ الْقَبْرِ

আমাদের সন্ধ্যা হলো এবং সন্ধ্যা হলো রাজ্যের আল্লাহরই নিয়ন্ত্রণে। আর সমস্ত প্রশংসা আল্লাহরই আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই। তিনি এক তার কোন শরীক নেই। সব কর্তৃত্ব তারই এবং সব তারীফ তারই জন্য। তিনি সব কিছুর উপর ক্ষমতাবান। তোমাদের কাছে প্রার্থনা করি সেই সব কল্যাণ যা কিছু আছে এই রাতে এবং সেই কল্যাণ যা কিছু আছে এই রাতের পরবর্তীতে। আর পানাহ চাই তোমার কাছে এই রাতের মন্দ থেকে এবং রাতের পরবর্তী সময়ের মন্দ থেকে। তোমারই কাছে পানাহ চাই আলস্য ও খারাপ বার্ধক্য থেকে। তোমারই আশ্রয় চাই জাহান্নামের আযাব ও কবরের আযাব থেকে।

সকালেও তিনি এই দু'আ পাঠ করতেন তবে (أَمْسَيْنَا وَأَمْسَى الْمُلْكُ لِلَّهِ وَالْحَمْدُ لِلَّهِ) এর স্থলে বলতেন (أَصْبَحْنَا وَأَصْبَحَ الْمُلْكُ لِلَّهِ وَالْحَمْدُ لِلَّهِ)

আমাদের ভোর হল এবং ভোর হল রাজ্যের আল্লাহরই নিয়ন্ত্রণ। সব প্রশংসা আল্লাহরই।

সহীহ, মুসলিম ৮/৮২, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৩৯০ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে আবু হুরায়রা, ইবন উমর, ইবন মাসউদ, ইবন আবযা, বুরায়দা রাদিয়াল্লাহু আনহুম প্রমুখ হাদীস বর্ণনা করেছেন। হাদীসটি হাসান-গারীব। আর আবদুল আযীয ইবন আবু হাযেম হলেন ইবন আবু হাযেম যাহিদ। শাদ্দাদ ইবন আওস রাদিয়াল্লাহু আনহু থেকে হাদীসটি ভিন্ন সূত্রে বর্ণিত হয়েছে।

## English

`Abdullah said:
“When he reached the evening, the Prophet (ﷺ) used to say, ‘We have reached the evening, and the Dominion has reached the evening, while belonging to Allah. And all praise belongs to Allah. None has the right to be worshiped but Allah, alone, without partner. (Amsaina wa amsal-mulku lillāh, wal-ḥamdullilāh, wa lā ilāha illallāh, waḥdahu lā sharīka lahu)’ – I think he said [in it]: - ‘To Him belongs the Dominion, and to Him is the praise, and He is capable of all things. I ask You for the good that is in this night, and the good of what is after it, and I seek refuge in You from the evil of this night, and the evil of what is after it, and I seek refuge in You from laziness and helpless old age. And I seek refuge in You from the punishment of the Fire and the punishment of the grave (Lahul-mulku wa lahul-ḥamdu, wa huwa `alā kulli shai'in qadīr. Asa'luka khaira mā fī hādhihil-lailah, wa khaira mā ba`dahā, wa a`ūdhu bika min sharri hādhihil-lailati wa sharri mā ba`dahā, wa a`ūdhu bika minal-kasali wa sū'il-kibar, wa a`ūdhu bika min `adhābin-nāri wa `adhābil-qabr).’ And when he reached the morning, he (ﷺ) used to say, ‘We have reached the morning, and the Dominion has reached the morning, while belonging to Allah. And all praise belongs to Allah (Aṣbaḥnā wa aṣbaḥal-mulku lillāh, wal-ḥamdulillāh).’”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন । বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38781

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন